



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০১৯/১৮৬৭

তারিখঃ ১৬ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি।


সূত্র: স্মারক নং- শিম/ ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯.৭২ ও তারিখ:২৪/০১/২০১৯

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

১। আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীগণ যাতে পরীক্ষা শুরুর কমপক্ষে আধাঘণ্টা পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করে ও কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস বা নকল নিয়ে পরীক্ষা কেন্দ্রে না আসে এবং সামাজিক যোগাযোগ বা অন্য কোন মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ার চেষ্টা না করে এ বিষয়ে প্রশাসন, কেন্দ্রসচিব, প্রধান শিক্ষক ও অভিভাবকগণকে সতর্ক থাকতে হবে।

২। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে উক্ত পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের আহবানসহ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত গুজব/ঘটনা, নকল/অসুদপায় অবলম্বনের কুফল এবং এ কাজে সংশ্লিষ্ট হওয়ার বিষয়ে পাবলিক পরীক্ষা সমূহ ( অপরাধ) আইন ১৯৮০ এবং তথ্য যোগাযোগ ও প্রযুক্তি আইন ২০০৬ এ বর্ণিত শাস্তি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
২৯.০১.১৯

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)